৩


তারিখ 04 MAY 1995
পৃষ্ঠা ২ কলাম ২


# আজকের কাগজ

ঢাকা বোর্ডের ইতিহাস বিকৃতি

## স্বাধীনতার ঘোষক তালিকায় বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনী

মুস্তাফিজ শফি ঃ ঢাকা শিক্ষা বোর্ড ও ইতিহাস বিকৃতির খাতায় তাদের নাম লেখালো। এ বোর্ডের অধীনে অনুষ্ঠিত সমাজ বিজ্ঞান প্রথমপত্র (ইতিহাস) পরীক্ষার নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রের 'ক' সেটের ৪৮ নং প্রশ্নে 'বাংলাদেশের স্বাধীনতার ঘোষক কে?' প্রশ্নটির উত্তরের জায়গায় লেখা হয়েছে ৪টি সম্ভাব্য উত্তর (ক) মেজর নূরউদ্দিন (খ) মেজর ডালিম (গ) মেজর জিয়াউর রহমান (ঘ) মেজর খালেদ মোশাররফ। পরীক্ষার্থীরা এর যে কোনো একটিতেই সঠিত চিহ্ন দেবে। কিন্তু প্রশ্ন এ চার জনের কেউই স্বাধীনতার ঘোষক নয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানই যে বাংলাদেশের স্বাধীনতার ঘোমক- ঢাকা বোর্ড এ স্বীকৃত সত্যকে অস্বীকার করেছে। এমনকি উত্তর তালিকায় মেজর ডালিম নামে এমন একজনের নাম উপস্থাপন করা হয়েছে যে বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনী এবং সেই বিচারে বাংলাদেশের একজন ঘৃণিত ব্যক্তি। ঢাকা বোর্ডের এ ধরনের ইতিহাস বিকৃতির ঘটনায় জনমনে প্রশ্ন ও ক্ষোভ দেখা দিয়েছে।